

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০২০-২১ অর্থবছরের ২য় (দ্বিতীয়) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জাকের হোসেন, নির্বাহী পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
সভার তারিখ : ৬ই সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ  
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ  
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- “ক”

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ (এক) দিনের কর্মশালা/সেমিনার	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ (এক) দিনের কর্মশালা/সেমিনার সম্পর্কে ইভিসি মহোদয়ের সম্মতির বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ (এক) দিনের কর্মশালা/সেমিনার অথরিটির কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে ২(দুই) গুপে বিভক্ত করে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
২.	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) দিনের প্রশিক্ষণ আয়োজন	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) দিনের প্রশিক্ষণ সম্পর্কে ইভিসি মহোদয়ের সম্মতির বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) দিনের প্রশিক্ষণ শীর্ষ ২০ (বিশ)টি প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৩.	উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর /প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ	উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর /প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর /প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে যশোরস্থ শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক-এ সুবিধাজনক সময়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সৈয়দ আশিক ইমতিয়াজ, সহকারী পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম
৪.	নূন্যতম ১ (এক)টি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা	অথরিটিতে নূন্যতম ১ (এক)টি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	ক্ষুদ্রঋণ সেক্টরে Digital Financial Services (DFS) নিয়ে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৫.	নূন্যতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন	সেবা পদ্ধতি সহজিকরণের বিষয়ে আলোচনা করা হয়।	বর্তমানে চলমান কোন কাজের সময় ও শ্রম কমিয়ে কীভাবে আরো সহজিকরণ করা যায় এ বিষয়ে অথরিটির বিভিন্ন চলমান সেবাসমূহ পর্যালোচনাপূর্বক আগামী সভায় তা উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	

সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ জাকের হোসেন)  
নির্বাহী পরিচালক ও ইনোভেশন অফিসার  
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি